



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী এবং কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কোভিড-১৯  
টিকাদান সেবা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী এবং কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কোভিড-১৯ টিকাদান সেবা প্রদান করা হবে। উক্ত কোভিড-১৯ টিকাদান সেবা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন সংক্রান্ত সাধারণ নির্দেশিকা নিম্নে প্রদান করা হলো।

উদ্বোধনের তারিখ : ২১ অক্টোবর, ২০২১ রোজ বৃহস্পতিবার।

উদ্বোধনের দিন যাহারা (বিভাগ হতে মনোনিত) টিকা নিবেন তাহাদের রেজিস্ট্রেশনের সময় : সকাল ০৯:০০ ঘটিকা।

নিয়মিত টিকা প্রদানের তারিখ : ২৫-২৮ অক্টোবর, ২০২১ তারিখ পর্যন্ত (১ম পর্যায়)।

নিয়মিত টিকা প্রদানের সময় : সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ পর্যন্ত।

অন-স্পট রেজিস্ট্রেশন : শুধুমাত্র জাতীয় পরিচয়পত্র (NID) ধারী শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

১। জাতীয় পরিচয়পত্র (NID) } অত্যাবশ্যকীয়।  
২। স্টুডেন্ট আইডি কার্ড }

৩। টিকা কার্ড (যাহারা রেজিস্ট্রেশন করেছেন কিন্তু Messages এসেছে/আসেনি এবং কোন টিকাও গ্রহণ করেননি)।

জন্মনিবন্ধন সনদ সম্পর্কিত নির্দেশনা : জাতীয় পরিচয়পত্র (NID) ব্যতীত টিকাদান কর্তৃপক্ষ হতে জন্মনিবন্ধন সনদ দিয়ে টিকার জন্য রেজিস্ট্রেশন সম্পর্কিত কোন নির্দেশনা না থাকায় এখন জন্মনিবন্ধন সনদ দিয়ে রেজিস্ট্রেশন করা সম্ভব হচ্ছে না। পরবর্তীতে নির্দেশনা সাপেক্ষে বিস্তারিত জানানো হবে।

টিকার বিবরণ : শুধুমাত্র সিনোফার্ম (ভেরোসেল)।

- যাহারা সিনোফার্ম (ভেরোসেল) ব্যতীত অন্য কোন টিকার ১ম ডোজ গ্রহণ করেছেন তাহাদের রেজিস্ট্রেশনকৃত স্ব-স্ব কেন্দ্র হতে নিজ উদ্যোগে ২য় ডোজ টিকা গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে।
- যাহারা ঢাকা বিভাগ হতে সিনোফার্ম (ভেরোসেল) টিকার ১ম ডোজ গ্রহণ করেছেন তাহারা অন-স্পট আইটি টেকনিশিয়ানের নির্দেশনা মোতাবেক ২য় ডোজ টিকা গ্রহণ করতে পারবেন।
- কিন্তু অন্য বিভাগ (ঢাকা বিভাগ ব্যতীত) সিনোফার্ম (ভেরোসেল) টিকার ১ম ডোজ গ্রহণ করেছেন তাহারা কেন্দ্র পরিবর্তনের জন্য অন-স্পট আইটি টেকনিশিয়ানের সংগে পূর্বেই যোগাযোগ করবেন।